

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮০-২-৯৫৬২৯১৩
উন্নয়ন শাখা-৩

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.১৪.৪২০.১৭-

৪৫৫ (২৯৫)

তারিখঃ-

২৬ / ০১ / ১৪২৬ বঙ্গাব্দ
০৬ / ০৫ / ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ- বহুতল ভবনসমূহে যথাযথ অগ্নি নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা, অগ্নি নিরাপদ সিঁড়ি সংস্থান এবং জরুরী উদ্ধারজনিত কারণে বারান্দার নিরাপত্তাজনিত গ্রীল এর মাঝে নির্গমন পথ তৈরি প্রসংগে।

সূত্রঃ- স্থাপত্য অধিদপ্তরের স্মারক নং-প্রস্থ-২০১৯/১৩/স্থা, তারিখঃ-০২/০৪/২৯১৯ইং।

সাম্প্রতিক সময়ে বেশ কিছু অগ্নিকাণ্ডের ঘটনার প্রেক্ষিতে সরকারি ভবনসমূহের অগ্নি নিরাপত্তা ব্যবস্থাসমূহ অধিকতর গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। এ বিষয়ে মাঠ পর্যায়ে বাস্তবায়নের জন্য নিম্নলিখিত জরুরী নির্দেশনা প্রদান করা হলো।

১। সরকারি বহুতল ভবন সমূহে অগ্নি নিরাপদ সিঁড়ির সংস্থান রাখতে হবে। একাধিক সিঁড়ি সম্বলিত ভবনের ক্ষেত্রে কমপক্ষে একটিকে অগ্নি নিরাপদ সিঁড়ি হিসাবে চিহ্নিত করতে হবে এবং উক্ত সিঁড়িতে অগ্নি নিরাপদ দরজা স্থাপন করতে হবে। প্রত্যাশী সংস্থা ও ফায়ার সার্ভিসের প্রতিনিধি সহকারে উক্ত সিঁড়ি নিয়মিতভাবে পরিদর্শন করতে হবে যাতে সেখানে কোন আবসবাবপত্র বা অন্যান্য মালামাল রাখা না হয় এবং জরুরী বহির্গমন নিশ্চিত হয়।

২। সরকারি ভবনসমূহে পর্যাপ্ত সংখ্যক ফায়ার এক্সটিংগুইশার স্থাপন করতে হবে এবং সেগুলোর মেয়াদকাল নিয়মিতভাবে পরীক্ষা করতে হবে। মেয়াদ উত্তীর্ণ হলে কিংবা অকেজো প্রমানিত হলে সেগুলো সাথে সাথে রিফিল করার ব্যবস্থা নিতে হবে।

৩। সরকারি বহুতল ভবনের হোসরীল প্রতি তিনমাসে একবার পরীক্ষা করতে হবে।

৪। বিদ্যুৎ সরবরাহ লাইনে সার্কিট ব্রেকার অবশ্যই রাখতে হবে।

৫। বহুতল ভবনের বারান্দায় নিরাপত্তাজনিত কারণে গ্রীল স্থাপন করা হলে জরুরী বহির্গমনের জন্য অবশ্যই গ্রীলসমূহের মাঝে দরজা রাখতে হবে।


৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং প্রত্যাশী সংস্থার সাথে সমন্বয় করে নিয়মিতভাবে অগ্নি নির্বাপন মহড়া ও প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।

৭। সরকারি বহুতল ভবনের বারান্দা অবশ্যই ফাঁকা রাখতে হবে। বারান্দা বা করিডোরে রিসিপশন, ওয়েটিং প্রভৃতি নির্মাণে নিরুৎসাহিত করা হলো।

৮। ফলস সিলিং, ওয়াল প্যানেলিংসহ বিভিন্ন ডেকোরেটিভ কাজ অগ্নি ঝুঁকি বৃদ্ধি করে বিধায় ডেকোরেটিভ কাজের ব্যাপারে নিরুৎসাহিত করা হলো।

৯। বহুতল ভবনের আশেপাশে জলাধার নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, সরকারি ভবনে অগ্নি নিরাপত্তা বৃদ্ধিতে উল্লিখিত নির্দেশনাসমূহ যথাযথ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

কার্যার্থে

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস)/ (পওবিপ্র)/ (ই-এম)/ (স্বাস্থ্য উইং)/ (ই-এম পিএন্ডডি), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, ঢাকা/ ঢাকা মেট্রোপলিটন/ ময়মনসিংহ/ গোপালগঞ্জ/ চট্টগ্রাম/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রাজশাহী/ রংপুর।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সংস্থাপন/ পিপিপি/ উন্নয়ন/ পেকু/ মনিটরিং এন্ড অডিট/ ই-এম পিএন্ডডি/ প্রকল্প সার্কেল-২/ ডিজাইন সার্কেল-১/ ২/ ই-এম ডিজাইন/ গণপূর্ত এমআইএস, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১/ ২/ ৩/ ৪, ঢাকা/ সাভার/ রক্ষণাবেক্ষণ/ ই-এম সার্কেল-১/ ২/ ৩/ ৪/ই-এম প্র্যানিং/ প্রকল্প সার্কেল-১/২, ঢাকা/ ময়মনসিংহ/ চট্টগ্রাম-১/ ২/ ই-এম চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ বরিশাল/ খুলনা/ যশোর/ গোপালগঞ্জ/ টাঙ্গাইল/ দিনাজপুর/ পাবনা/ রাঙ্গামাটি/
- ৫। পরিচালক, পিডব্লিউডি ট্রেনিং একাডেমী, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা।
- ৬। নিবাহী প্রকৌশলী, সংস্থাপন/ তদন্ত কোষ/ ওএন্ডএম/ পিপিপি/ প্রকল্প বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ডিজাইন বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ পেকু/ বিশেষ ডিজাইন বিভাগ-১/ ২/ ৩/ অডিট/ মনিটরিং/ ই-এম পিএন্ডডি-১/ ২/ ৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা/ ঢাকা ই-এম প্র্যানিং-১/ ২/ ৩/ ঢাকা ই-এম এমআইএস-১/ ২/ ৩/ ঢাকা।
- ৭। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১/ গণপূর্ত বিভাগ-২/ নগর/ আরবরিকালচার/ গণপূর্ত বিভাগ-৩/ গণপূর্ত বিভাগ-৪/ ইডেন ভবন/ মেডিকেল/ এসবি নগর-১/ ২/ ৩/ মহাখালী/ মতিঝিল/ আজিমপুর/ সম্পদ, ঢাকা/ নারায়নগঞ্জ/ মুন্সীগঞ্জ/ নরসিংদী/ সাভার/ মিরপুর/ গাজীপুর/ মানিকগঞ্জ/ রক্ষণাবেক্ষণ, ঢাকা/ রক্ষণাবেক্ষণ, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-১/ ২/ ৩/ ৪/ ৫/ ৬/ ৭/ ৮/ ৯/ ১০/ ১১/ ই-এম কারখানা/ কাঠের কারখানা/ই-এম পিএন্ডডি ময়মনসিংহ/ই-এম পিএন্ডডি, গোপালগঞ্জ/ ময়মনসিংহ/ টাঙ্গাইল/ কিশোরগঞ্জ/ জামালপুর/ নেত্রকোনা/ শেরপুর/ চট্টগ্রাম বিভাগ-১/ চট্টগ্রাম বিভাগ-২/ খাগড়াছড়ি/ রাঙ্গামাটি/ চট্টগ্রাম বিভাগ-৩/ চট্টগ্রাম বিভাগ-৪/ কক্সবাজার/ বান্দরবান/ গণপূর্ত ই-এম বিভাগ-১, চট্টগ্রাম/ গণপূর্ত ই-এম বিভাগ-২, চট্টগ্রাম/ কুমিল্লা/ নোয়াখালী/ বি-বাড়ীয়া/ চাঁদপুর/ ফেনী/ লক্ষীপুর/ সিলেট/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ রাজশাহী-১/ রাজশাহী-২/ পাবনা/ নওগাঁ/ নাটোর/ চাঁপাইনবাবগঞ্জ/ রংপুর/ কুড়িগ্রাম/ দিনাজপুর/ পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ গাইবান্ধা/ নীলফামারী/ লালমনিরহাট/ বগুড়া/ সিরাজগঞ্জ/ জয়পুরহাট/ খুলনা-১/ খুলনা-২/ সাতক্ষীরা/ বাগেরহাট/ বরিশাল/ ভোলা/ মাদারীপুর/ পটুয়াখালী/ বরগুনা/ পিরোজপুর/ ঝালকাঠি/ গোপালগঞ্জ/ শরিয়তপুর/ যশোর/ চুয়াডাঙ্গা/ কুষ্টিয়া/ ফরিদপুর/ ঝিনাইদহ/ নড়াইল/ মেহেরপুর/ রাজবাড়ী/ মাগুড়া/ জরিপ, ঢাকা।
- ৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নিবাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯। নিবাহী প্রকৌশলী (ই/এম), এম.আই.এস. বিভাগ-২, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।